গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও
www.doict.haripur.thakurgaon.gov.bd

**যদিও মানছি দূরত্ব
তবুও আছি সংযুক্ত**

**হরিপুর উপজেলার আইসিটি কমিটির ডিসেম্বর/২০২০ খ্রিঃ মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী**

সভাপতিঃ জনাব মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি
উপজেলা আইসিটি কমিটি, হরিপুর, ঠাকুরগাঁও।

প্রধান অতিথিঃ জনাব মোঃ জিয়াউল হাসান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা
উপজেলা আইসিটি কমিটি, হরিপুর, ঠাকুরগাঁও।

সভার স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ
সভার তারিখঃ ১০ ডিসেম্বর, ২০২০ খ্রিঃ
সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা
**সভায় উপস্থিতির তালিকাঃ পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য**

০১। সভাপতি সভার শুরুতেই উপজেলা আইসিটি কমিটির সম্মানিত উপদেষ্টা, উপজেলা পরিষদের চেয়ারম্যানসহ উপস্থিত সকল অতিথিকে স্বাগত জানান। বক্তব্যের শুরুতেই তিনি আইসিটি কমিটির উপদেষ্টা ও উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয়কে স্বাগত বক্তব্য দিয়ে সভার কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করতে অনুরোধ জানান।

০২। ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ দিবস সম্পর্কে সবাইকে অবগত করেন। বর্তমানে বাংলাদেশের উন্নয়নে প্রযুক্তির ভূমিকা অপরিসীম এবং এই প্রযুক্তিতে দেশ এখন উন্নতির দিকে এগিয়ে যাচ্ছে। এখন অনেক বেকার অনলাইনে আয় করতে পারছেন। এবারের ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ এর প্রতিপাদ্য "যদিও মানছি দূরত্ব তবুও আছি সংযুক্ত" এ সুফল সম্পর্কে সবাইকে অবগত করেন এবং বিশদ আকারে সেমিনার ও অন্যন্য প্রতিযোগিতা বাস্তবয়ন করতে সদয় আহ্বান জানান।

০৩। অতঃপর অদ্যকার সভার সভাপতি ও উপজেলা আইসিটি কমিটির সভাপতি জনাব মোঃ আব্দুল করিম এর পরিচালনা ও উপজেলা আইসিটি কমিটির সদস্য সচিব জনাব ধনেশ্বর চন্দ্র রায়, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর সঞ্চালনায় সভার কার্যক্রম শুরু হয়।

সভায় সম্মানিত সদস্যদের সক্রিয় অংশগ্রহণে আলোচনা এবং সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত/বিবরণ | বাস্তবায়নকারী ব্যক্তি/ কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | আইসিটি অধিদপ্তর এর কার্যাবলি তুলে ধরা | সভার শুরুতে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয় এর সহকারী প্রোগ্রামার ও আইসিটি কমিটির সদস্য-সচিব জনাব ধনেশ্বর চন্দ্র রায় তথ্য যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যাবলি তুলে ধরেন এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকার ও দপ্তরের বিভিন্ন কর্মকান্ড সম্পর্কে সভায় উপস্থিত সদস্যদের পরিচয় করিয়ে দেন এবং সভার আলোচ্য বিষয়বস্তু সম্পর্কে সংক্ষিপ্ত বর্ণনা করেন। | সহকারী প্রোগ্রামার সহ আইসিটি কমিটির সকল সদস্য। |
| ০২ | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ শীর্ষক অনলাইন কুইজ | উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল সরকারী/বেসরকারি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকবৃন্দদের অবগত করানো। অনলাইন কুইজ সম্পর্কে রেজিস্ট্রেশন করা এবং শিক্ষার্থীদের প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করা। সকল ইউনিয়ন এ প্রচারের ব্যবস্থা করা। এ ব্যাপারে উপজেলা প্রশাসন সার্বিক সহযোগিতা করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, শিক্ষকবৃন্দ এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |

| | | | |
|---|---|---|---|
| ০৩ | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ শীর্ষক সেমিনার | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উপলক্ষ্যে উপজেলায় স্বাস্থ্যবিধি মেনে সেমিনার আয়োজন করা। সেমিনারের বিষয়ঃ "যদিও মানছি দূরত্ব তবুও আছি সংযুক্ত"। সেমিনারে উপস্থিতি বিষয়ে নির্দেশনায় বলা হয় মাননীয় সংসদ সদস্যসহ অন্যান্য সকল জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী, স্টেকহোল্ডার (আইটি খাত), ফ্রিল্যান্সার, ই-কমার্স উদ্যোক্তা, আইএসপি, আইসিটি উদ্যোক্তা, সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ইউডিসিসহ উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকতে বলা হয়েছে। এ বিষয়ে সকলের মতামত অনুসারে ১২ ডিসেম্বর ২০২০ সেমিনার আয়োজন করা হবে বলে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রশাসন এবং সার্বিক সহযোগীতায় সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। |
| ০৪ | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ শীর্ষক চিত্রাংকন প্রতিযোগিতা | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উপলক্ষ্যে প্রাথমিক পর্যায়ে চিত্রাংকন প্রতিযোগিতা আয়োজন করা । প্রতিযোগিতার বিষয়ঃ "আমার তুলিতে ডিজিটাল বাংলাদেশ"। দিবসের আগেই প্রতিযোগিতার আয়োজন করা এবং ১ম, ২য় এবং ৩য় নির্বাচন করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার, হরিপুর, ঠাকুরগাঁও। |
| ০৫ | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ শীর্ষক উপস্থিত বক্তৃতা/বিতর্ক প্রতিযোগিতা | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উপলক্ষ্যে মাধ্যমিক পর্যায়ে উপস্থিত বক্তৃতা/বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করা । প্রতিযোগিতার বিষয়ঃ "ডিজিটাল বাংলাদেশ বিষয়ক"। দিবসের আগেই প্রতিযোগিতার আয়োজন করা এবং ১ম, ২য় এবং ৩য় নির্বাচন করার সিদ্ধান্ত সভায় গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সহকারী প্রোগ্রামার হরিপুর, ঠাকুরগাঁও। |
| ০৬ | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ শীর্ষক প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠান | ডিজিটাল বাংলাদেশ দিবস-২০২০ উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রতিযোগিতা সমূহে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা। অনুষ্ঠানে সবার উপস্থিতি বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | উপস্থিত সকলে |
| ০৭ | অন্যান্য | সভায় উপস্থিত সম্মানিত সকল অতিথি এটা বিশ্বাস করেন যে, তাদের যৌথ উদ্যোগে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত 'ভিশন ২০২১', 'টেকসই উন্নয়ন ও অভীষ্ট লক্ষ্যমাত্রা-২০৩০' এবং 'ভিশন ২০৪১' বাস্তবায়নের মাধমে একটি উন্নত, সমৃদ্ধ, সোনার বাংলা গঠন করতে সক্ষম হবেন।<br>সভায় বক্তাগণ ডিজিটাল বাংলাদেশ গড়ার বিষয়ে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন এবং আইসিটি'র বিকাশে যৌথভাবে কাজ করার ইচ্ছা ব্যক্ত করেন। | সংশ্লিষ্ট সকলে |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/১২/২০২০

(মোঃ আব্দুল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইসিটি কমিটি
হরিপুর, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়, হরিপুর, ঠাকুরগাঁও
www.doict.haripur.thakurgaon.gov.bd

**যদিও মানছি দূরত্ব**
**তবুও আছি সংযুক্ত**

স্মারক নং- 56.04.9451.000.06.001.2020-26

তারিখঃ ২৫ অগ্রহায়ণ ১৪২৭ / ১০ ডিসেম্বর ২০২০ ইং

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মাননীয় সংসদ সদস্য, ঠাকুরগাও-২
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ/মন্ত্রণালয়,আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ,রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিপুর, ঠাকুরগাঁও।
৭। উপজেলা নির্বাহী অফিসার, হরিপুর, ঠাকুরগাঁও।
৮। ........................................................................................................................
কর্মকর্তা, হরিপুর, ঠাকুরগাঁও।
৯। অফিস কপি।

10.12.2020

(ধনেশ্বর চন্দ্র রায়)
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য-সচিব
উপজেলা আইসিটি কমিটি
ফোনঃ ০৫৬২৩৫৬০৩৩
Email: dhanasher.roy@gmail.com